

পরীক্ষা পেছাতে শিক্ষা মন্ত্রণালয়ে ইসির চিঠি

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ২৮ এপ্রিল অনুষ্ঠিত তিন সিটি নির্বাচনকে কেন্দ্র করে এইচএসসি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পেছানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ২৬ এপ্রিল থেকে ২৯ এপ্রিলের মধ্যে যেসব পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা তা পেছানোর জন্য চিঠিতে বলা হয়েছে। ইসি সচিবালয়ের উপ-সচিব শামসুল আলম ইত্তেফাককে এ তথ্য জানান। তিনি বলেন, আগামী ২৮ এপ্রিল অনুষ্ঠিত তিন সিটি কর্পোরেশন নির্বাচনের কারণে পরীক্ষার্থীদের যাতে কোনো সমস্যা সৃষ্টি না হয় এজন্যই শিক্ষা মন্ত্রণালয়কে এ নির্দেশনা দেয়া হয়েছে। রবিবার চিঠি পাঠানো হয়।

পরীক্ষা পেছানোর কারণ হিসাবে শামসুল আলম বলেন, নির্বাচনে ভোট গ্রহণের জন্য স্কুল কলেজগুলো কেন্দ্র ব্যবহার করা হয়। এতে শ্রেণিকক্ষ অগোছালো থাকে। তাই ভোটের পরের দিন পরীক্ষা থাকলে পরীক্ষার্থীদের জন্য সমস্যা হতে পারে। এছাড়া ভোটের আগে কমপক্ষে দু'দিন শ্রেণিকক্ষ খালি লাগবে। এজন্য ২৬ থেকে ২৯ এপ্রিলের মধ্যে অনুষ্ঠিত সকল পাবলিক পরীক্ষা স্থগিত করার জন্য বলা হয়েছে।

উল্লেখ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয়-বর্ষের কন্টিন অনুযায়ী ২৯ এপ্রিল ২৬টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের প্রকাশিত পরীক্ষা সূচি অনুযায়ী ২৬ এপ্রিলে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে ৬টি বিষয়ের পরীক্ষা। এর মধ্যে আছে পৌরনীতি ও সুশাসন ২য় পত্র, পৌরনীতি ২য় পত্র, জীববিজ্ঞান (ভৌম) ২য় পত্র, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা ২য় পত্র, ফিন্যান্স-ব্যর্থকিং ও বিমা ২য় পত্র, ইংরেজী শর্টহ্যান্ড (ভৌম) ২য় পত্রের পরীক্ষা। ২৮ এপ্রিল অনুষ্ঠিত হবে মনোবিজ্ঞান (ভৌম) ১ম পত্র এবং ৩০ এপ্রিল হবে মনোবিজ্ঞান (ভৌম) ২য় পত্র পরীক্ষা।